

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশকে ই আই বি'র ২৫ কোটি ইউরো করোনা টিকা সহায়তা

- বাংলাদেশের স্বাস্থ্য সেবা শক্তিশালী করতে এবং নাগরিকদের কোভিড-১৯ টিকাদান কর্মসূচী সহায়তা করার জন্য ই আই বি ২৫ কোটি ইউরো প্রদান করবে।
- ই আই বি'র দক্ষিণ এশিয়ার জন্য বরাদ্দ ৪২.৫ কোটি ইউরো সহায়তার এটা প্রথম ধাপ এবং এই ঋণ ই ইউ'র গ্যারান্টির আওতাভুক্ত।

ঢাকা ৩, ফেব্রুয়ারি ২০২২

নিরাপদ ও কার্যকর ভ্যাকসিন ক্রয় এবং দেশ ব্যাপী কোভিড-১৯ টিকাদান কর্মসূচী পরিচালনার লক্ষ্যে ইউরোপীয় ইউনিয়নের ব্যাংক এবং বিশ্বের সর্ব বৃহৎ বহু জাতিক ঋণ দাতা সংস্থা, ইউরোপীয়ান ইনভেস্টম্যান্ট ব্যাংক, ই আই বি, বাংলাদেশকে ২৫ কোটি ইউরো সহায়তা প্রদান করবে।

কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব হ্রাস করার পাশাপাশি এই আর্থিক সহায়তা বাংলাদেশের স্বাস্থ্য সেবা সমৃদ্ধ করবে, নাগরিকদের কোভিড-১৯ এর প্রভাব থেকে নিরাপত্তা প্রদান করবে এবং টিকসই অর্থনৈতিক ও সামাজিক প্রবৃদ্ধি নিশ্চিত করবে।

২০২১ সালে ই আই বি'র অনুমোদিত দক্ষিণ এশিয়ার স্বাস্থ্য খাতের জন্য বরাদ্দ ৪২.৫ কোটি ইউরো সহায়তার এটা প্রথম ধাপ এবং এর অন্যতম উদ্দেশ্য কোভিড টিকা দানে সুদূর প্রসারী সহায়তা ও স্বাস্থ্য সেবা সমৃদ্ধকরণ।

বাংলাদেশ এবং মালদ্বীপসহ দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশ সমূহ এর আওতায় পড়বে।

দক্ষিণ এশিয়ার দায়িত্বে ই আই বি'র ভাইস প্রেসিডেন্ট ক্রিষ্টিয়ান কেটেল টমসেন, বলেন- দক্ষিণ এশিয়ার নাগরিকদের করোনার কবল থেকে নিরাপত্তা দেওয়া এবং তাদের কার্যকর ভ্যাকসিন প্রদানে সহায়তা করতে পেরে ই আই বি খুবই গর্বিত। কোভ্যাক্সের আওতায় ই আই বি'র ১.৩ বিলিয়ন ইউরো সহায়তা বৈশ্বিক টিকাদান কর্মসূচীকে তড়াশ্বিত করার পাশাপাশি ভাইরাস এর বিরুদ্ধে আমাদের চলমান যুদ্ধের বিজয় নিশ্চিত করবে।

এই পদক্ষেপ বাংলাদেশের প্রতি আমাদের দীর্ঘ মেয়াদী, উন্নয়নমুখী এবং টেকসই সম্পর্কের উপর গুরুত্ব আরোপ করে।

ইউরোপীয় ইউনিয়নে বাংলাদেশের রাষ্ট্রদূত, জনাব মাহবুব হাসান সালেহ, বলেন-বাংলাদেশ এবং ই আই বি'র ২২ বছর অংশীদারিত্বে ভ্যাকসিন ক্রয়ের উদ্দেশ্যে ২৫ কোটি ইউরো'র এই ঋণ সবচেয়ে তাৎপর্যপূর্ণ। বাংলাদেশে ই আই বি'র কর্ম ব্যাপী বিস্তৃত হচ্ছে এবং তা ভবিষ্যতে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখবে।

জলবায়ু পরিবর্তন, নবায়নযোগ্য জ্বালানী, অবকাঠামো উন্নয়ন বাংলাদেশ এবং ই ইউ উভয়ের জন্য গুরুত্বপূর্ণ, এবং এই ক্ষেত্র সমূহে, ই ইউ আগামীতে জোড়ালো ভূমিকা রাখবে।

বাংলাদেশে নিযুক্ত ই ইউ'র রাষ্ট্র দূত, চার্লস হোয়াইটলী, বলেন- ই আই বি'র লক্ষ্যণীয় সহায়তা বাংলাদেশ এবং টিম ইউরোপ অংশীদারিত্বের একটি গুরুত্বপূর্ণ সংযোজন যা বাংলাদেশকে মহামারী মোকাবেলায় সাহায্য করবে।

জলবায়ু পরিবর্তন থেকে আরম্ভ করে বাণিজ্য, যোগাযোগ এবং অন্যান্য খাতে ই ইউ বাংলাদেশ সম্পর্ক বিস্তৃত হচ্ছে। স্বাস্থ্য সেবায় এই সহায়তা আমাদের বন্ধন দৃঢ় করণের একটি লক্ষণ।

টিম ইউরোপ, ই আই বি বিশ্বে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান ত্বরান্বিত করছে।

২০২০-এ কোভিড-১৯ মহামারী শুরু থেকে ই আই বি বিশ্বের বিভিন্ন দেশে স্বাস্থ্য সেবায় দীর্ঘকালীন আর্থিক সহায়তা প্রদান করে আসছে।

কোভিড-১৯ চিকিৎসা ও নির্ণয় করার পাশাপাশি ই ইউ ব্যাংক ভ্যাকসিন গবেষণায় সহায়তা দিয়েছে।

টিম ইউরোপ পৃথিবীর সর্ববৃহৎ ভ্যাকসিন ক্রয় এবং সরবরাহ পদক্ষেপ কোভ্যাক্সকে ৩ বিলিয়ন ইউরো সহায়তা দিতে প্রতিশ্রুতিবদ্ধ।

২০২২ জানুয়ারি মাসে কোভ্যাক্স ১৪৪ দেশে ১ বিলিয়ন ভ্যাকসিন ডোজ প্রদান সম্পন্ন করেছে।

গত বছর, বাংলাদেশসহ ইউরোপীয় ইউনিয়ন বর্হিভূত ১৬০ দেশে ই আই বি বিবিধ উন্নয়নমুখী কার্যক্রমে ৮.১ বিলিয়ন ইউরো সহায়তা দিয়েছে।

জানুয়ারি ২০২২-এ ই আই বি, “ ই আই বি গ্লোবাল” এর ঘোষণা দেয় যার উদ্দেশ্য ই ইউ বর্হিভূত দক্ষতা এবং কৌশল একটি সুষ্ঠু ব্যবস্থাপনার অর্গভুক্ত করে টিম ইউরোপের প্রচেষ্টা সমূহকে আরও জোড়দার করা।

ই আই বি গ্লোবাল এর প্রথম আঞ্চলিক দপ্তর কেনিয়ার রাজধানী নাইরোবিতে স্থাপিত হয় এবং উন্নয়নশীল দেশে ই আই বি'র কর্ম বিস্তারের সাথে আরও নতুন দপ্তরের পরিকল্পনা হয়েছে।

সম্পাদকদের জন্য লক্ষ্যণীয়

ই আই বি ইউ দেশ সমূহের মালিকানাধীন দীর্ঘ মেয়াদী ঋণ দাতা সংস্থা। ই ইউর নীতি বাস্তবায়নে, নির্ভরযোগ্য বিনিয়োগে দীর্ঘ মেয়াদী আর্থিক সহায়তা প্রদান করে থাকে।

বাংলাদেশে ই আই বি

২০০০ সালে বাংলাদেশ কাজ শুরু করে ই আই বি যোগাযোগ, জ্বালানী, পানি বর্জ্য ব্যবস্থাপনাসহ ৭ (সাত) টি প্রকল্পে প্রায় ৭৫৩.২ মিলিয়ন ইউরো সহায়তা দিয়েছে।

এশিয়ায়-ই আই বি

২৫ বছর যাবৎ ই আই বি এশিয়া এবং এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে অর্থনৈতিক উন্নয়নে সহায়তা প্রদান করছে। জনসাধারণের জীবনযাত্রা সহজ করার পাশাপাশি কম খরচে দূষনমুক্ত জ্বালানী প্রদান আমাদের প্রকল্পের মূল লক্ষ্য।

নারীর ক্ষমতায়ন এবং ন্যায় সংজ্ঞাত, বৈষম্য বিহীন সামাজিক উন্নয়ন আমাদের কর্মের প্রধান কেন্দ্রবিন্দু

আরও তথ্যের জন্য :

ই আই বি গ্রুপ- টিবর জোনাঃ t.jona@eib.orgtel:+352 691 287 052 Website:
www.eib.org/press-Press Office:+ 352 4379 21000-press@eib.org.